দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
ঢাকা

তারিখ ... 26 MAR 1989 ...
পৃষ্ঠা ... 1 কলাম ... 5 ...

৩০

018

# বিজ্ঞান প্রশ্নপত্রে বিভ্রান্তি

(ইত্তেফাক রিপোর্ট)

ঢাকা বোর্ডের গতকালের (শনিবার) এসএসসি পরীক্ষায় সাধারণ বিজ্ঞান প্রথম পত্রের প্রশ্নপত্রে গ্রন্থ বহির্ভূত প্রশ্ন অন্তর্ভুক্ত হওয়ায় পরীক্ষার্থীরা বিভ্রান্তির শিকার হয়।

প্রশ্নপত্রের ৬-এর গ নম্বর প্রশ্নে বৈদ্যুতিক আবেশ সম্পর্কে প্রশ্ন করা হয়। কিন্তু নবম-দশম শ্রেণীর বিজ্ঞান প্রথম পত্রের পাঠ্য পুস্তকের কোথাও বৈদ্যুতিক আবেশ সম্পর্কে কোন কিছু অন্তর্ভুক্ত হয় নাই। এ সম্পর্কে গত রাত্রে ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের সহিত যোগাযোগ করিলে তিনি বলেন, পাঠ্য গ্রন্থে না থাকিলেও বিষয়টি সিলেবাসে রহিয়াছে। এজন্যই উহা প্রশ্নপত্রের অন্তর্ভুক্ত হইয়াছে। তিনি বরং টেক্সট বুক বোর্ড প্রকাশিত পাঠ্য গ্রন্থটিকেই অসম্পূর্ণ বলিয়া অভিহিত করিয়া বলেন, এই বইটি কেন যে

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## বিজ্ঞান প্রশ্নপত্রে

(১ম পৃঃ পর)

এখনো চালু আছে বুঝি না।

গ বিভাগের ৯-এর গ নম্বর প্রশ্নে ম্যাগনেটিক অক্সাইড-এর সংকেত লিখিতে বলা হয়। কিন্তু ম্যাগনেটিক অক্সাইড বলিয়া এককভাবে কোন কিছুর অস্তিত্ব নাই।

এ সম্পর্কে ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের বক্তব্য: ফেরাসো ফেরিক অক্সাইডকে ম্যাগনেটিক অক্সাইড বলা হয়। কিন্তু রসায়ন শাস্ত্রের অধ্যাপকদের বক্তব্য এই মত সমর্থন করে নাই। ঢাকা বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের অধ্যাপক ডঃ সৈয়দ জহির হায়দার জানান, ম্যাগনেটিক অক্সাইড একটি জেনারেল টার্ম বা সাধারণ পরিচয়। ইহার দ্বারা সুনির্দিষ্টভাবে কোন কিছু বোঝায় না। ফেরাসো ফেরিক অক্সাইড ছাড়াও আরও অনেকগুলি অক্সাইড ম্যাগনেটিক অক্সাইড হিসাবে পরিচিত। অর্থাৎ কতগুলি বিশেষ শ্রেণীর অক্সাইড এই নামে পরিচিত। ম্যাগনেটিক অক্সাইড সম্পর্কে কোন আলোচনা নবম-দশম শ্রেণীর বিজ্ঞান পাঠ্য বইতে নাই। এ ক্ষেত্রে পরীক্ষার্থী ও অভিভাবকদের জিজ্ঞাসা, প্রশ্নপত্রের এই বিভ্রান্তির দায়-দায়িত্ব কে নিবে?

### প্রতিবাদ

গত বুধবার ভূগোল পরীক্ষার দিন নারায়ণগঞ্জে প্রশ্নপত্র ফাঁস হইয়াছিল বলিয়া যে সংবাদ প্রকাশিত হইয়াছে, ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক উহার প্রতিবাদ জানাইয়া বলিয়াছেন, খবরটি ভিত্তিহীন।